# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
www.sylhetboard.gov.bd

স্মারক নং ৩৭.১৪.৯১০০.৩০০.৫২.০০২.২০-১৬১২ তারিখ: ১৮ কার্তিক ১৪৩২
০৩ নভেম্বর ২০২৫

বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে আগামী ১৬/১১/২০২৫ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে সম্পাদন করতে হবে। নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বন করে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা গেল।

১। রেজিস্ট্রেশন কার্যক্রমের জন্য www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটে Login করে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।
২। রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ব্যবহৃত password ব্যবহার করতে হবে।
৩। password এর গোপনীয়তা অত্যন্ত সতর্কভাবে সংরক্ষণ করতে হবে। অন্যথায়, রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার সৃষ্টি হতে পারে এবং এতদসংক্রান্ত বিষয়ে যে কোন জটিলতার জন্য অত্র শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দায়ী হবে না।
৪। শিক্ষার্থীর ছবি Upload করার সময় সংশ্লিষ্ট শিক্ষার্থীর ছবিই Upload এর বিষয়টি নিশ্চিত করতে হবে।
৫। উচ্চ মাধ্যমিক পর্যায়ে অনুমতি নেই এমন কোনো শাখা ও বিষয়ে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে না। ভর্তি কার্যক্রম চূড়ান্তভাবে সম্পন্ন করা হয়নি এমন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম করা যাবে না।
৬। ভর্তিকৃত শিক্ষার্থীদের এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূলকপি, বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি ও উন্নয়ন ফি সোনালী সেবার মাধ্যমে জমার রশিদ এবং রেজিস্ট্রেশনের জন্য অনলাইনে পূরণকৃত শিক্ষার্থীর তালিকা ০১ সেট নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।

| ক্রমিক | জেলার নাম | তারিখ |
|---|---|---|
| ১ | সুনামগঞ্জ জেলা | ০৭/১২/২০২৫ |
| ২ | হবিগঞ্জ জেলা | ০৮/১২/২০২৫ |
| ৩ | মৌলভীবাজার জেলা | ০৯/১২/২০২৫ |
| ৪ | সিলেট সদর জেলা ব্যতীত অন্যান্য উপজেলা | ১০/১২/২০২৫ |
| ৫ | সিলেট সদর উপজেলা | ১১/১২/২০২৫ |

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

০৩/১১/২৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ভূক্ত সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো-
১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬। সংরক্ষণ নথি।